

# দৈনিক ইনকিলাব

তারিখ 12 MAR 1956  
নং 228

3

## কুষ্টিয়ায় ২৪ জন মেধাবী ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান

কুষ্টিয়া ২০মে (জেলা সংবাদদাতা)।—ইউসুফ মেমোরিয়াল ট্রাস্টের উদ্যোগে কুষ্টিয়া জেলায় ১৯৯৫ সালের এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় ২৪ জন মেধাবী ছাত্র-ছাত্রীকে এককালীন বৃত্তি প্রদান করা হয়েছে। কুষ্টিয়া জেলা পরিষদ মিলনায়তনে গণ ২ নো বৃত্তি কমিটির সভাপতি ও কুষ্টিয়া সরকারি বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ ড. এ. এম. এম. আনোয়ারুল করিমের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক এফএম সিরাজুল হক।

বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ লিফটওয়্যার কোম্পানী লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক আনোয়ার ইউসুফ বজল্য রাশেদ ট্রাস্টের উপদেষ্টা শাহিদুল ইসলাম, অভিভাবকদের মধ্যে নসরত আলী বিএলটিসির এজিএম কে এন হুদা ও বৃত্তিপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদের মধ্যে আফসানা। অনুষ্ঠানে বিশেষ অতিথি আনোয়ার ইউসুফ কুষ্টিয়া জেলায় ১৯৯৫ সালে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ ১৪ জন মেধাবী ছাত্র-ছাত্রীর প্রত্যেককে বৃত্তি প্রদান হিসেবে ৩ হাজার ২৫০ টাকা করে এবং ১৯৯৫ সালে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ ১০ জন মেধাবী ছাত্র-ছাত্রীর প্রত্যেককে বৃত্তি হিসেবে ৪ হাজার ২৫০ টাকা করে প্রদান করেন।